সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

পত্র সংখ্যা: ০৩.০০.০০০০.০৭৭.০৯.০২০.১৮-৬৯ তারিখ: ১৬ অক্টোবর ২০১৮

বিষয় : দশম জাতীয় সংসদের ২৩তম অধিবেশনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর প্রেরণ।

দশম জাতীয় সংসদের ২৩তম অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকের প্রশ্নসমূহের ২টি তালিকা ওয়ার্ড ও পিডিএফ ফরমেটে এতদসঙ্গে প্রেরণ করা হলো। তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগের প্রশ্ন/প্রশ্নসমূহের **উত্তর (প্রতিটির ৫টি করে সম্পূরক প্রশ্ন ও উত্তরসহ) আগামি ২১ অক্টোবর ২০১৮ তারিখ রবিবার বেলা ১২:০০টার মধ্যে** হার্ডকপি ও সফ্টকপি **অবশ্যই ইউনিকোড/NikoshBAN Font**-এ এবং **চলতি ভাষায়** প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। সফট কপি প্রেরণের সময় প্রেরিত মেইলের বিষয়ে প্রশ্নের উত্তর নম্বর, মন্ত্রণালয়/ বিভাগের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। সফ্টকপি প্রেরণকালে mohiuddinpmo96@gmail.com এবং mosharofpmo1982@gmail.com-এ অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এই মেইলটি হার্ডকপি হিসেবে বিবেচিত হবে।

৩। উল্লেখ্য, কোনো কোনো মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা প্রশ্নের উত্তর প্রেরণের ক্ষেত্রে বিলম্ব করে থাকে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরীভুত হয়েছে। যেহেতু প্রশ্নোত্তর প্রস্তুতের বিষয়টি সময়াবদ্ধ, ফলে যথাসময়ে উত্তর না পাওয়ার কারণে উক্ত প্রশ্নের উত্তরটি বাদ দিতে হয়। কাজেই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রশ্নোত্তর প্রেরণ নিশ্চিত করণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অতীব জরুরী

৪। প্রশ্নের উত্তর প্রণয়নের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর নিম্নোক্ত অনুশাসন অনুসরণ করতে হবে:

- সঠিক তথ্য ও বুলেট পয়েন্ট আকারে হবে;
- প্রশ্নের উত্তর সংক্ষিপ্ত হবে;
- লম্বা (রচনামূলক) বর্ণনা পরিহার করতে হবে;
- কী কী কাজ হচ্ছে তা উল্লেখ করতে হবে।

নং- ৮৫২-মং.সাং
তাং- ১৬/১০/১৮

উল্লেখিত প্রতিবেদন আগামী ২১/১০/১৮...তারিখ বেলা...২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১৬/১০/১৮
মোঃ জিকরুল ইসলাম
পরিচিতি নং-০০৫০৩১
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্বাক্ষরিত/
তারিখ: ১৬/১০/২০১৮
(মোঃ নূরুল আলম)
পরিচালক-১০ (যুগ্ম-সচিব)
ও
কাউন্সিল অফিসার
ফোন : ৫৫০২৯৪৩০, ফ্যাক্স: ৫৫০২৯৫৬৩ (অনুঃ)
মোবাইল: ০১৭১১১৭৯০০২
ই-মেইল: dir10@pmo.gov.bd

সিনিয়র সচিব/সচিব
সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ
দৃ: আ: কাউন্সিল অফিসার (সকল)

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ emonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

১০ম জাতীয় সংসদের ২৩তম অধিবেশনে আগামী ৩১ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তরের জন্য ১৫টি প্রশ্ন এবং উত্তর প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের নামের তালিকা

ক্রম	প্রশ্নকর্তা ও প্রশ্ন	মন্ত্রণালয়/বিভাগ
১	**বেগম সেলিনা বেগম, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-৬)** গত ১০ সেপ্টেম্বর ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাথে একযোগে তিন প্রকল্প- কুষ্টিয়ার ভেড়ামারায় নবনির্মিত ৫শত মেগাওয়াট এইচভিডিসি ২য় ব্লক এবং বাংলাদেশ রেলওয়ের কুলাউড়া শাহবাজপুর সেকশন পুনর্বাসন ও আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ নির্মাণ প্রকল্প উদ্বোধন করলেন এ সকল উন্নয়ন প্রকল্পে বাংলাদেশের জনগণ কী কী সুবিধা পাবে বলে আপনি মনে করেন?	**পরিকল্পনা বিভাগ; বিদ্যুৎ বিভাগ; রেলপথ মন্ত্রণালয়**
২	**বেগম নূরজাহান বেগম, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-৪২)** জাতিসংঘের সাধারণ ৭৩তম অধিবেশনে সাইবার সিকিউরিটি নিয়ে আপনার গৃহীত পদক্ষেপগুলো কী কী? সাইবার সিকিউরিটি বর্তমান বিশ্বে একটি বড় দুযোর্গ এই দুযোর্গ থেকে রক্ষায় আমাদের দেশ কী কী পদক্ষেপ নিয়েছে? ও ভবিষৎ পরিকল্পনা কী?	**পররাষ্ট্র মন্ত্রণালয়; ডাক ও টেলিযোগাযোগ বিভাগ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
৩	**জনাব বজলুল হক হারুন, মাননীয় সংসদ সদস্য (ঝালকাঠি-১)** দক্ষিণ এশিয়ার শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠাসহ অর্থনৈতিক উন্নয়নে আপনার প্রচেষ্টাসমূহ কী কী: এবং এর বিপরীতে অর্জিত সাফল্যসমূহ কী কী?	**পররাষ্ট্র মন্ত্রণালয়**
৪	**জনাব মোঃ আবদুল্লাহ, মাননীয় সংসদ সদস্য (লক্ষীপুর-৪)** দেশের নিম্ন আয়ের মানুষদের আর্থিক সেবায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বর্তমান সরকারের পক্ষ থেকে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?	**পরিকল্পনা বিভাগ; অর্থ বিভাগ**
৫	**জনাব গোলাম দস্তগীর গাজী, মাননীয় সংসদ সদস্য (নারায়ণগঞ্জ-১)** বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হতে এ পর্যন্ত দেশে দেশী বিদেশী বিনিয়োগ করার লক্ষ্যে সরকারের কোন ভূমিকা গ্রহণ করেছে কিনা; করলে, উহা কী এবং এ ক্ষেত্রে বর্তমান অবস্থান কী?	**প্রধানমন্ত্রীর কার্যালয়; (পরিচালক-২ বিডা)**
৬	**জনাব নুরুল ইসলাম ওমর, মাননীয় সংসদ সদস্য (বগুড়া-৬)** বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হতে দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নতি করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করেছে: এবং এ থেকে জনগণ কী কী সুবিধা পাচ্ছে?	**সড়ক ও মহাসড়ক বিভাগ; রেলপথ মন্ত্রণালয়; বেসামরিক পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়; নৌপরিবহন মন্ত্রণালয়**
৭	**জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী, মাননীয় সংসদ সদস্য (চট্টগ্রাম-১৬)** বর্তমান সরকার দেশের উপকূলীয় ও নদী ভাঙ্গন কবলিত মানুষের কল্যাণে কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?	**পানিসম্পদ মন্ত্রণালয়; দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

ক্রম	প্রশ্নকর্তা ও প্রশ্ন	মন্ত্রণালয়/বিভাগ
৮	**জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী, মাননীয় সংসদ সদস্য (সিলেট-৩)** দারিদ্যমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে দুর্গম চরাঞ্চলের সার্বিক উন্নয়নে টেকসই প্রতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?	**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ; স্থানীয় সরকার বিভাগ; অর্থ বিভাগ; পানিসম্পদ মন্ত্রণালয়**
৯	**এডভোকেট মোঃ জিয়াউল হক মৃধা, মাননীয় সংসদ সদস্য (ব্রাহ্মণবাড়ীয়া-২)** ২০০৯ সালে ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের মাঠের সভায় আপনার প্রতিশ্রুত শাহজাদাপুর, আজবপুর, পানিশ্বর রোড আজ পর্যন্ত বাস্তবায়ন হয়নি। রহস্যময়ভাবে থেমে আছে অগ্রগতি। মহান সংসদে বারবার আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করে আপনার প্রতিশ্রুতির কথা উল্লেখ করে রাস্তাসমূহ বাস্তবায়নের দাবী জানিয়েছি? স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হলে বিভিন্ন পরীক্ষা নিরাক্ষার অজুহাত দেখিয়ে জটিলতার সৃষ্টি করেছে। ৩টি রাস্তার সম্ভাব্য মোট ব্যয় হতে পারে ৬০ থেকে ৭০ কোটি টাকা। আমার নির্বাচনী এলাকার জনসাধারনের পক্ষে প্রতিশ্রুত রাস্তাসমূহ বর্তমান সংসদের মেয়াদ কালীন সময়ের মধ্যে রাস্তাগুলো নির্মাণের কাজ শুরু হবে কিনা?	**স্থানীয় সরকার বিভাগ**
১০	**মোছাঃ সেলিনা জাহান লিটা, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-১)** বর্তমান সরকার কর্তৃক রোহিঙ্গাদের এ পর্যন্ত কী পরিমান সহায়তা প্রদান করা হয়েছে? এবং তাদের মিয়ানমারে ফেরত পাঠানোর বিষয়ে কূটনৈতিক কী পদক্ষেপ নেয়া হচ্ছে? রোহিঙ্গাদের জন্য কী পরিমাণ বৈদেশিক সহায়তা পাওয়া গেছে?	**পররাষ্ট্র মন্ত্রণালয়**
১১	**জনাব নুরুল ইসলাম মিলন, মাননীয় সংসদ সদস্য (কুমিল্লা-৮)** আমাদের দেশে জলবায়ু পরিবর্তনের ফলে টেকসই উন্নয়ন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বৃদ্ধির ধারা অব্যাহত রাখা ভবিষ্যতে কষ্টকর হয়ে দাড়াবে। জলবায়ু পরিবর্তনে সমগ্র বিশ্বব্যাপী মহাবিপর্যয়ের সৃষ্টি হতে যাচ্ছে। বাংলাদেশের তাপমাত্রা প্রতি বৎসর যে হারে বৃদ্ধি পাচ্ছে তাতে মানুষের জীবনে মারাত্মক দূযোর্গের ঘনঘটা নেমে আসছে। সরকার জলবায়ু পরিবর্তন রোধকল্পে বা এর প্রতিফল থেকে জনগণকে রক্ষাকল্পে সুদূর প্রসারী দীর্ঘমেয়াদী কোন কর্মসূচি গ্রহণ করবে কিনা? করলে তা কিরূপ?	**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; পরিকল্পনা মন্ত্রণালয়**
১২	**জনাব আব্দুস সালাম মুর্শেদী, মাননীয় সংসদ সদস্য (খুলনা-৪)** আমার নির্বাচনী এলাকার তেরখাদা ও দিঘলিয়া উপজেলার ভূতিয়ার বিল এবং বর্ণাল-সিলিমপুর-কোলাবাসুয়াখালী অঞ্চলের প্রায় সাড়ে বত্রিশ হাজার হেক্টর আবাদী ও অনাবাদী জমি দীর্ঘদিন যাবৎ পানিতে নিমজ্জিত আছে। এই জলবদ্ধতা নিরসনে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে একটি প্রকল্পের দ্বিতীয় ফেইজের কাজ চলমান রয়েছে? মাননীয় প্রধানমন্ত্রীর কাছে বিনয়ের সাথে আমার প্রশ্ন এই যে, বিশাল এই ভূমির জলাবদ্ধতা নিরসনে এই প্রকল্প যথেষ্ট কি না? এবং এই প্রকল্পের কার্য দ্রুততার সাথে সম্পন্ন করে অত্র অঞ্চলটিকে শিল্পাঞ্চলে রূপান্তরের একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করবেন কি না?	**পানি সম্পদ মন্ত্রণালয়; পরিকল্পনা বিভাগ।**

১৩	**বেগম নুর-ই হাসনা লিলি চৌধুরী, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-৪৪)** ২০০৪ সালের ২১ আগষ্ট তৎকালীন বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা ও নেতা কর্মীদের উপর গ্রেনেড হামলায় অনেক নেতা কর্মী মৃত্যু হয় এ মামলায় রায় দীর্ঘদিন পর শেষ পর্যন্ত হয়েছে; এতে দেশের জনগণ কতটুকু আশার প্রতিফলন হয়েছে?	**আইন ও বিচার বিভাগ; জননিরাপত্তা বিভাগ**
১৪	**জনাব রুস্তুম আলী ফরাজী, মাননীয় সংসদ সদস্য (পিরোজপুর-৩)** ক) দেশের জনগণকে স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে অঞ্চলের মধ্যবিত্তসহ সর্বশ্রেণির মানুষের বিশাল অংশের মধ্যে- ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, কিডনীর ও হার্টের রোগসহ জটিল রোগ দেখা দিচ্ছে। যা দূর হতে কষ্ট করে ঢাকাতে এসেও সিটের অভাবে সবাই সময়মত ভর্তি হয়ে চিকিৎসা করাতে পারছে না। অনেকের থাকারও স্থান নেই। অনেকে তাই না এসে বাড়ীতে বসেই রোগে ভুগছে ও ভুল চিকিৎসা নিয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই তাদের সুচিকিৎসার লক্ষ্যে অঞ্চল ভিত্তিক দেশে কয়েকটি সুপার স্পেশালাইসড হাসপাতাল নির্মাণ করে প্রত্যন্ত অঞ্চলের গরীব ও স্বল্প আয়ের রোগীদের উক্ত জটিল রোগের চিকিৎসার কোন পরিকল্পনা আপনার আছে কিনা? খ) থাকলে উহা কী?	**স্বাস্থ্য সেবা বিভাগ;**
১৫	**এডভোকেট সানজিদা খানম, মাননীয় সংসদ সদস্য (মহিলা আসন-২৪)** ইতোমধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে। ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় বাংলাদেশের নাম যুক্ত হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ হতে কী কী সেবা পাওয়া যাবে? ভবিষৎতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণের পরিকল্পনা আছে কি?	**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

.....